অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/19/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন GE VERNOVA স্কেনেকট্যাডি প্ল্যান্টে 41 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, 50টি নতুন হাই-টেক চাকরি তৈরি করবে

জেনারেটর অপারেশনের ধারণক্ষমতা বাড়াতে এবং পণ্যের বাড়তে থাকা চাহিদা মেটাতে কোম্পানিটি নিউ ইয়র্ক স্টেটে বিনিয়োগ করছে
ঘোষণাটি ক্যাপিটাল রিজিয়নে অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিংয়ের প্রতিশ্রুতি দেখায়

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে GE Vernova ডাউনটাউন স্কেনেকট্যাডিতে (Schenectady) স্টিম এবং জেনারেটর অ্যাসেম্বলি এবং পরীক্ষার জন্য কোম্পানির সেন্টার্স অফ এক্সিলেন্সে (Center of Excellence) কমপক্ষে 41 মিলিয়ন ডলার বিনিয়োগ করার প্রতিশ্রুতি দিয়েছে। কোম্পানির পরিকল্পনা হলো ফ্যাসিলিটিতে 50টি নতুন, হাই-টেক চাকরি তৈরি করা, যা সারা বিশ্বে বাড়তে থাকা কাস্টোমারের চাহিদা মেটাতে সাহায্য করবে। 1 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত পারফরম্যান্সভিত্তিক Excelsior Jobs প্রোগ্রামের ট্যাক্স ক্রেডিট দিয়ে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) কোম্পানির এক্সপ্যানশনকে সমর্থন করছে।

"নিউ ইয়র্ক স্টেট (New York State) নতুন ধরণের এনার্জি টেকনোলজির জন্য ম্যানুফ্যাকচারিং, গবেষণা ও বিকাশের পথ তৈরি করছে, যা স্টেটকে আগামী অনেক জেনারেশনের জন্য আরো পরিচ্ছন্ন একটি ভবিষ্যতের আরো কাছে নিয়ে যাচ্ছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "GE Vernova-এর সাথে স্টেটের সরকারি-বেসরকারি পার্টনারশিপ দিয়ে আমরা আপস্টেট নিউ ইয়র্কে ভালো বেতনের চাকরি নিয়ে আসছি এবং লং আইল্যান্ডের (Long Island) শুরু থেকে ইরি ক্যানাল (Erie Canal) পর্যন্ত সাস্টেনিবিলিটির প্রচার করছি।"

GE Vernova-র পরিকল্পনা হলো বিদ্যমান স্থানের সংস্কার করে; নতুন মেশিনারি ও সরঞ্জাম কিনে ও ইনস্টল করে; এবং কর্মচারীদের প্রয়োজনীয় ট্রেনিং নিয়ে জেনারেটর অপারেশনের জন্য বাড়তি ধারণক্ষমতা তৈরি করতে ডাউনটাউন স্কেনেকট্যাডির (Schenectady) ক্যাম্পাসে কমপক্ষে 41 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা। এই বিনিয়োগটি GE Vernova-এর H65 এবং H84 জেনারেটরের ম্যানুফ্যাকচারিংকে উন্নত করবে, যা কোম্পানির সবথেকে কার্যকর HA গ্যাস টার্বাইনের সাথে থাকে। এছাড়াও, কোম্পানি অনসাইটে যে 50টি নতুন চাকরি তৈরি করতে চায় তার মধ্যে অনেকগুলি ইউনিয়ন লেবারের হবে।

GE Vernova-এর CEO Scott Strazik (স্কট স্ট্র্যাজিক) বলেন, "আমাদের কাস্টোমারদের এবং বিশ্বের চাহিদা পূরণ করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ আছি যেহেতু ইলেক্ট্রিসিটির চাহিদা ঐতিহাসিক হারে বেড়ে যাচ্ছে। আমাদের স্কেনেকট্যাডি ফ্যাসিলিটিতে এই বিনিয়োগ গ্যাস পাওয়ারের ধারণক্ষমতা গঠন করতে এবং বিশ্বের এনার্জি চাহিদা পূরণ করতে সাহায্য করতে আমাদের কাজকে চালিয়ে যাবে। আমাদের স্কেনেকট্যাডি ফ্যাসিলিটি ক্যাপিটাল রিজিয়নে (Capital Region) আমাদের মেধাবীদের খুঁজে বের করতে এবং

তাদের উপর বিনিয়োগ করার একটি দুর্দান্ত সুযোগ, এবং আমরা নিউ ইয়র্ক স্টেটের সমর্থনের জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। আমরা এক শতাব্দীর বেশি সময় ধরে এই অঞ্চলকে নিজেদের বাড়ি বলে আসছি, এবং সেই লিগেসিকে অগ্রসর করতে পেরে আমরা গর্বিত।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে, নিউ ইয়র্ক স্টেট 21 শতকের অর্থনীতিতে বিকাশ ও সমৃদ্ধি করতে সকল আকারের কোম্পানির সাথে কাজ করে চলেছে। GE Vernova এবং ESD-এর মধ্যে এই সরকারি-বেসরকারি পার্টনারশিপের মাধ্যমে আমরা ডাউনটাউন স্কেনেকট্যাডিতে নতুন বিনিয়োগকে সমর্থন করছি যা চাকরি তৈরি করবে এবং নতুন আঞ্চলিক অর্থনৈতিক বিকাশকে উৎসাহিত করবে।"

নিউ ইয়র্ক স্টেটের এনার্জি অ্যান্ড রিসার্চ ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority) প্রেসিডেন্ট এবং CEO Doreen M. Harris (ডোরিন এম হ্যারিস) বলেন, "এটি নিউ ইয়র্কের জন্য, বিশেষ করে ক্যাপিটাল রিজিয়নের জন্য, আরেকটি বিজয়, কারণ স্টেট তাদের ক্লিন এনার্জির অর্থনীতির বিকাশ চালিয়ে যেতে পারছে এবং নতুন আবিষ্কারের একটি গ্লোবাল হাব হিসেবে তাদের বিবর্তনকে অগ্রসর করতে পারছে। GE Vernova-এর সাথে এই পার্টনারশিপের কারণে যে বহু স্থানীয়, পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি হবে সেটির, এবং একই সাথে নিউ ইয়র্কের কমিউনিটিগুলিতে বিনিয়োগ করার ব্যাপারে কোম্পানিটির চলমান প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (New York Power Authority) প্রেসিডেন্ট এবং CEO Justin E. Driscoll (জাস্টিন ই ড্রিস্কল) বলেন, "স্কেনেকট্যাডিতে GE Vernova-এর এক্সপ্যানশন এলাকায় এমন একটি ক্ষেত্রে ফার্মটির লম্বা সময়ের ইতিহাসকে অগ্রসর করবে যার কারণে সিটি তার 'ইলেকট্রিক সিটি (Electric City)' নামটি পেয়েছে। পাওয়ার অথোরিটির মূল্যবান কাস্টোমার GE Vernova বিদ্যুৎ উৎপাদন দক্ষতা এবং নতুনত্বের জন্য তাদের প্রতিশ্রুতির মাধ্যমে নিউ ইয়র্ক এবং বিশ্বের জন্য একটি নতুন এনার্জি ভবিষ্যৎ তৈরিতে সাহায্য করছে। স্কেনেকট্যাডিতে GE Vernova-এর বিকাশ দেখে আমরা খুশি, যা নিউ ইয়র্কবাসীদের জন্য পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি যোগ করছে।"

2025 সালের জানুয়ারি মাসে গভর্নর Hochul (হোকল) ঘোষণা করেন যে GE Vernova নিসকায়ুনাতে (Niskayuna) তাদের অ্যাডভান্সড রিসার্চ সেন্টারে (Advanced Research Center) 96 মিলিয়ন ডলার বিনিয়োগ করার প্রতিশ্রুতি দিয়েছে। এই কোম্পানি অনসাইটে 75টি নতুন চাকরি তৈরি করছে, সেন্টারের ইলেকট্রিফিকেশন এবং ডিকার্বনাইজেশন চেষ্টাকে জোরদার করছে, একইসাথে রূপান্তরমূলক টেকনোলজিকে অগ্রসর করছে যার মধ্যে কার্বন ডাই অক্সাইড অপসারণ, বিদ্যুৎ উৎপাদনের জন্য বিকল্প জ্বালানি এবং ভবিষ্যতের গ্রিড গঠন করা রয়েছে। এছাড়াও 2023 সাল থেকে কোম্পানিটি স্কেনেকট্যাডিতে সাইটের উন্নয়ন এবং এক্সপ্যানশনের জন্য 130 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছে, যা 300-এর বেশি নতুন চাকরি তৈরি করবে বলে আশা করা যাচ্ছে।

স্কেনেকট্যাডি কাউন্টি আইনসভার (Legislature) চেয়ার Gary Hughes (গ্যারি হিউজ) বলেন, "স্কেনেকট্যাডি কাউন্টিতে বড় নতুন বিনিয়োগ করার জন্য আমরা GE Vernova-কে ধন্যবাদ জানাচ্ছি যা ডাউনটাউন স্কেনেকট্যাডিতে তৈরি পণ্য দিয়ে ইলেক্ট্রিসিটির জন্য সারা বিশ্বে বাড়তে থাকা চাহিদা পূরণ করতে সাহায্য করবে। আমরা যখন এই নতুন বিনিয়োগ এবং চাকরির জন্য প্রতিযোগিতা করেছি, তখন গভর্নর Hochul (হোকল) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টে তার দল সবসময়ই আমাদের সাথে ছিলেন।"

স্কেনেকট্যাডি সিটির মেয়র Gary McCarthy (গ্যারি ম্যাকার্থি) বলেন, "GE Vernova হলো সারা বিশ্বের একটি শীর্ষ উদ্যোগ যা একটি সাস্টেনেবল উপায়ে ইলেকট্রিক গ্রিডে বিদ্যুৎ যোগ করছে। গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আমাদের এমন একজন পার্টনার যিনি এইসব নতুন বিনিয়োগ এবং চাকরি জিতে নেওয়ার প্রয়োজন বুঝেন যাতে করে এই এনার্জি ট্রান্সফর্মেশন স্কেনেকট্যাডিতে প্রস্তুত করা সরঞ্জাম দিয়ে শক্তি পেতে পারে।"

Metroplex-এর চেয়ার Ray Gillen (রে গিলেন) বলেন, "গভর্নর Hochul (হোকল) স্কেনেকট্যাডি কাউন্টিতে GE Vernova-এর অপারেশনে আরো বিনিয়োগ ও চাকরি আনার ব্যাপারে তার নিবিড় প্রতিশ্রুতি দেখিয়ে যাচ্ছেন। এই পার্টনারশিপের জন্য আমরা গভর্নর এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রতি কৃতজ্ঞ যার ফলে ডাউনটাউন এবং নিসকায়ুনা উভয় ক্যাম্পাসে অত্যাধুনিক টেকনোলজিতে বড় নতুন বিনিয়োগ সম্ভব হয়েছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন